DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 06 Oct 2026, 04:48 AM

জাতীয়

পূর্বাচলে হচ্ছে ৪ থানা, ৬ হাজার পুলিশের নতুন জোন: আইজিপি

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM

পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির

পূর্বাচল নতুন শহর প্রকল্পকে নিচ্ছিন্দ্র নিরাপত্তার চাদরে ঢাকতে এক বিশাল মহাপরিকল্পনা হাতে নিয়েছে পুলিশ।

বুধবার (১ জুলাই) সকালে পূর্বাচলের □বরকাউ পুলিশ ক্যাম্প□ উদ্বোধনের সময় এই জমকালো ভাবনার কথা জানান পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির।

তিনি জানান, দ্রুতই এই নতুন শহরে গড়ে তোলা হবে ৪টি থানা, ৬টি তদন্ত কেন্দ্র, ২টি পুলিশ লাইনস, ৩টি ডিসি অফিস এবং ৪১টি পুলিশ বক্স। এই বিশাল কর্মযজ্ঞের জন্য ইতোমধ্যে ২৯.২১ একর জমির মধ্যে ১৮.৬৩ একরের রেজিস্ট্রেশনও শেষ করে ফেলেছে পুলিশ।

তবে সবচেয়ে বড় চমক হচ্ছে, পুরো পূর্বাচলকে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অধীনে এনে একজন অতিরিক্ত পুলিশ কমিশনারের

নেতৃত্বে সম্পূর্ণ পৃথক একটি বিভাগ হিসেবে গড়ে তোলা হবে, যেখানে নিরাপত্তার দায়িত্বে থাকবেন প্রায় সাড়ে ছয় হাজার পুলিশ সদস্য।

বর্ণাঢ্য এই উদ্বোধনী অনুষ্ঠানে ডিএমপি কমিশনার মোসলেহ উদ্দিন আহমদসহ পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এ বিভাগের আরও খবর

১৯ ব্যাংকের কার্ড-এটিএম সেবা বন্ধ থাকবে ছয় দিন
সিস্টেম আধুনিকায়ন ও প্রযুক্তিগত রক্ষণাবেক্ষণের কারণে দেশের ১৯টি ব্যাংকের কার্ড, এটিএমসহ বিভিন্ন প্রযুক্তিনির্ভর সেবা সাময়িকভাবে বন্ধ থাকবে।...

গাইবান্ধার ‘এক টাকার শিক্ষক’ লুৎফুর রহমানকে বিশেষ সম্মাননা
দীর্ঘ পাঁচ দশকেরও বেশি সময় ধরে মাত্র এক টাকার বিনিময়ে সুবিধাবঞ্চিত শিশুদের পড়িয়ে আসা গাইবান্ধার ‘এক টাকার শিক্ষক’ হিসেবে পরিচিত লুৎফুর রহমান...

শিক্ষকরা শিক্ষার্থীদের ‘প্রয়োজন ও প্রিয়জন’ হয়ে উঠুন: প্রধানমন্ত্রী
শিক্ষকদের তাদের শিক্ষার্থীদের ‘প্রয়োজন ও প্রিয়জন’ হয়ে ওঠার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে সোমবার (৫ অক...

২৭ কাঠা জমি দখলের অভিযোগ, নিরপেক্ষ তদন্ত ও আইনগত ব্যবস্থা চায় ভুক্তভোগীরা

রাজধানীর অদূরে একটি আবাসন প্রকল্পের প্রায় ২৭ কাঠা জমি দখলের চেষ্টা, ভয়ভীতি প্রদর্শন ও বিভিন্ন ধরনের অনিয়মের অভিযোগ উঠেছে। এ ঘটনায় প্রকৃত মাল...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/Bangladesh-police